

সারাদেশ

লর্ডহার্ডিঞ্জ সরকারি স্থাপনা ও জননিরাপত্তায় গ্রাম পুলিশের রাতভর পাহারা

প্রতিবেদক: তজুমদ্দিন (ভোলা) প্রতিনিধি

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ২৪ সেপ্টেম্বর ২০২৬, ১২:২৭ PM



ভোলার লালমোহন উপজেলার লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নে সাধারণ মানুষের জানমাল ও সরকারি স্থাপনার নিরাপত্তায় রাতভর পাহারা দিয়েছে গ্রাম পুলিশ।

বুধবার রাতে লালমোহন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সফাত বিন সাদেকের নির্দেশনায় এ নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হয়। এতে লর্ডহার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা সিদ্দিকুর রহমান আর্থিক সহযোগিতা করেন।

রাতের দায়িত্বে থাকা গ্রাম পুলিশ সদস্যরা ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান ও সরকারি স্থাপনা ঘুরে দেখেন। পাশাপাশি বিভিন্ন এলাকার নিরাপত্তা পরিস্থিতি পর্যবেক্ষণ করেন এবং অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে সতর্ক অবস্থানে দায়িত্ব পালন করেন।

গ্রাম পুলিশ সদস্যরা জানান, গুরুত্বপূর্ণ স্থান ও সরকারি স্থাপনার নিরাপত্তা নিশ্চিত করতে নিয়মিত রাতের পাহারা দেওয়া হচ্ছে। যেকোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রতিরোধে তারা সতর্ক থেকে দায়িত্ব পালন করবেন।

সংশ্লিষ্টরা জানান, স্থানীয় পর্যায়ে নিরাপত্তা নজরদারি জোরদার করতে এ ধরনের রাতের টহল কার্যক্রম অব্যাহত থাকবে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে টাইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান। অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/lrdhardinje-srkari-sthapna-o-jnnirapttay-gram-pulisher-ratbhr-pahara>